# বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

**Bangladesh Power Development Board**
**www.bpdb.gov.bd**
কর্মচারী পরিদপ্তর, ওয়াপদা ভবন (৫ম তলা)
মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০
ফোনঃ ০২-২২৩৩৫৪৬১৮

নম্বর- ২৭.১১.০০০০.২১০.১৬.০০১.২৫-৩২০

তারিখ: ২০ আশ্বিন ১৪৩২ / ০৫ অক্টোবর ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অধীনে রাজস্ব খাতভুক্ত "সহকারী প্রকৌশলী" পদে জাতীয় বেতন স্কেল/২০১৫ এর ৯ম গ্রেড-এ(টাঃ ২২,০০০ -৫৩,০৬০/-) নিম্নবর্ণিত শর্তে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ও অপেক্ষমাণ তালিকা তৈরির নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে https://bpdb.teletalk.com.bd এ অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

<table>
<tr><th>ক্র.নং.</th><th>গ্রুপ</th><th>পদ সংখ্যা</th><th colspan="2">শিক্ষাগত যোগ্যতা</th></tr>
<tr><td>১.</td><td>তড়িৎ</td><td>২৪টি</td><td>কমপক্ষে দুইটি প্রথম বিভাগ/শ্রেণীসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (EEE) এ বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে।</td><td rowspan="5">১. এস, এস, সি বা সমমান এবং এইচ, এস,সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রেঃ<br><table><tr><td>জিপিএ ৩.০০ বা তদুর্ধ্ব</td><td>প্রথম বিভাগ</td></tr><tr><td>জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম</td><td>দ্বিতীয় বিভাগ</td></tr></table><br>২. অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রেঃ<br><table><tr><th colspan="2">অর্জিত সিজিপিএ</th><th rowspan="2">সমতুল্য শ্রেণি/ বিভাগ</th></tr><tr><th>৪.০০ পয়েন্ট স্কেলে</th><th>৫.০০ পয়েন্ট স্কেলে</th></tr><tr><td>৩.০০ বা তদুর্ধ্ব</td><td>৩.৭৫ বা তদুর্ধ্ব</td><td>১ম শ্রেণি/বিভাগ</td></tr><tr><td>২.২৫ বা তদুর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম</td><td>২.৮১৩ বা তদুর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম</td><td>২য় শ্রেণি/বিভাগ</td></tr></table></td></tr>
<tr><td>২.</td><td>যান্ত্রিক</td><td>১২টি</td><td>কমপক্ষে দুইটি প্রথম বিভাগ/শ্রেণীসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ME)/ মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (MTE) এ বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে।</td></tr>
<tr><td>৩.</td><td>সিভিল</td><td>০২টি</td><td>কমপক্ষে দুইটি প্রথম বিভাগ/শ্রেণীসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং (Civil) এ বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে।</td></tr>
<tr><td>৪.</td><td>কম্পিউটার</td><td>০২টি</td><td>কমপক্ষে দুইটি প্রথম বিভাগ/শ্রেণীসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (CSE)/ তড়িৎ ও কম্পিউটার কৌশল (ECE) এ বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে।</td></tr>
<tr><td colspan="2">মোট পদ=</td><td>৪০ টি</td><td></td></tr>
</table>

**শর্তাবলীঃ**

১। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডে নিয়োগের পর ২ (দুই) বছর সময়ের মধ্যে তাঁরা নির্ধারিত বিভিন্ন প্রশিক্ষণ ও অন্যান্য কর্মসূচীতে অংশগ্রহণ করবেন। উক্ত প্রশিক্ষণ ও কর্মসূচীতে অর্জিত ফলাফলের ভিত্তিতে প্রচলিত বিধি/বিধান অনুযায়ী তাদেরকে সহকারী প্রকৌশলী'র শূন্যপদের বিপরীতে নিয়মিত নিয়োগ প্রদান করা হবে।

২। বর্ণিত পদের জন্য বয়সসীমা **১৫.১০.২০২৫ খ্রি.** তারিখে **১৮-৩২** বৎসর। তবে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডে উপ-সহকারী প্রকৌশলী পদে কর্মরত অবস্থায় যারা বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের পূর্ব অনুমতি গ্রহণ করে এ,এম,আই,ই/বিএসসি ইঞ্জিনিয়ারিং পাস করেছেন অথবা যারা বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের চাকুরীতে যোগদানের সময় বিএসসি ইঞ্জিনিয়ারিং এ অধ্যয়নরত ছিলেন এবং উক্ত ডিগ্রি অর্জনের অব্যবহিত পরেই (সর্বোচ্চ ৬ মাসের মধ্যে) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডকে অবহিত করেছেন তাঁদের জন্য বিভাগীয় প্রার্থী হিসেবে বয়সের উর্ধ্বসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

৩। যে সকল প্রার্থী বিদেশ হতে ইঞ্জিনিয়ারিং এ স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেছেন তাদের বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ইকুইভ্যালেন্স সংক্রান্ত যথাযথ প্রত্যয়নপত্র থাকতে হবে।

৪। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক আবেদন করতে হবে।

৫। প্রার্থীদের প্রাথমিকভাবে কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে; উক্ত সময়ে আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্রাদির মূলকপি ও ০১ (এক) সেট সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৬। মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ কোটার প্রার্থীদের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

৭। নাগরিকত্বের প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

চলমান পাতা-০২

৮। নিয়োগের ক্ষেত্রে সরকারের এবং বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বিদ্যমান সকল বিধি-বিধান ও পরবর্তীতে উক্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৯। প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যাদি অসত্য বা ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে।

১০। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

১২। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি বা সম্পূর্ণ নিয়োগ প্রক্রিয়া সংশোধন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

১৩। অপেক্ষমাণ তালিকা তৈরীর ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৫.০৮.২০২৫ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০২০.২৪-২১৭ নং পরিপত্রের নির্দেশনা অনুসরণ করা হবে।

১৪। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি https://bpdb.teletalk.com.bd এ ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৫.১০.২০২৫ খ্রিষ্টাব্দ তারিখ, সকাল ১০:০০ ঘটিকা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৪.১১.২০২৫ খ্রিষ্টাব্দ তারিখ, রাত ১১:৫৯ ঘটিকা।

আবেদনপত্র জমাদানের শেষ তারিখ অর্থাৎ ০৪.১১.২০২৫ খ্রিষ্টাব্দ তারিখ, রাত ১১:৫৯ ঘটিকার মধ্যে System হতে স্বয়ংক্রিয়ভাবে User ID প্রাপ্ত প্রার্থীরাই কেবল উক্ত সময়ের পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টা (অর্থাৎ ০৭.১১.২০২৫ খ্রিষ্টাব্দ তারিখ, রাত ১১:৫৯ ঘটিকা পর্যন্ত) সময়ের মধ্যে নির্ধারিত ফি জমা দিতে পারবেন। **নির্ধারিত তারিখ ও সময়ের পূর্বে ও পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।**

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) pixel ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রতিলিপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:**
Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/ পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক সময়ে তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে বর্ণিত পদের পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ২৩/- (তেইশ) টাকাসহ মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। তবে, অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধি ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীরা আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬**/-** (ছাপান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে,"**Online** এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে **Submit** করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত **Online** আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS:** BPDB<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BPDB ABCDEF

Reply: Applicant's Name, **Tk 223.00** will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BPDB<Space>Yes<Space>PIN and send to16222.

**দ্বিতীয় SMS: BPDB**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BPDB YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BPDB Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **https://bpdb.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (**শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে**) যথাসময়ে জানানো হবে। **Online** আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, **SMS** পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. বিজ্ঞপ্তি সংক্রান্ত বিস্তারিত বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের ওয়েবসাইট **www.bpdb.gov.bd** এবং **https://bpdb.teletalk.com.bd** অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল **https:/alljobs.teletalk.com.bd** ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য **www.bpdb.gov.bd** ওয়েবসাইট হতে জানা যাবে।

জ. **SMS**-এ প্রেরিত **User ID** এবং **Password** ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী **Download** পূর্বক রঙ্গিন প্রতিলিপি **Print** করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

ঝ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত **SMS** পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ **User ID** এবং **Password** পুনরুদ্ধার করতে পারবেন।

i. **User ID** জানা থাকলে: **BPDB**<space>**Help**<space>**User**<space>**User ID & Send to 16222.**
**Example: BPDB Help User ABCDEF & send to 16222.**

ii. **PIN Number** জানা থাকলে**: BPDB**<space>**Help**<space>**PIN**<space>**PIN No & Send to 16222.**
**Example: BPDB Help PIN 12345678 & send to 16222.**

ঞ. Online এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক মোবাইল থেকে ১২১-এ কল করে জানা যাবে। এছাড়াও, alljobs.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ ফেইসবুক মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail অথবা মেসেজ এর Subject-এ Organization Name 'BPDB', Post Name...., Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ট. **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষনা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

- শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।
- কোন প্রকার তদবির বা যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code

মোঃ শাহরিয়ার হোসেন মজুমদার
পরিচালক
কর্মচারী পরিদপ্তর
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।